



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd/Fax-8189029


স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩- ২৭৯২

তারিখ: ২৬/০৫/২০১৫ খ্রিস্টাব্দ।

বিষয়: লক্ষ্যমাত্রা অনুযায়ী সমিতি গঠন, সদস্য ভর্তি, ঋণ বিতরণ ও সঞ্চয় আদায়।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের” (সংশোধিত) প্রকল্প সদর দপ্তরের স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪২৮.১৪-১৮০২ তারিখ: ১৬/৭/২০১৪ খ্রিঃ এবং স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩-২৫১০ তারিখ: ০৮/০২/২০১৫ খ্রিঃ মোতাবেক ২০১৪-২০১৫ অর্থ বছরে প্রকল্পভূক্ত প্রত্যেক উপজেলায় বিদ্যমান বিতরণযোগ্য ঋণ তহবিলের দেড়গুণ অর্থাৎ ১৫০% ঋণ বিতরণ এবং ১০.৫০ (দশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা সঞ্চয় আদায় এছাড়া ৩৫ (পঁত্রিশ) টি সমিতি গঠন ও ১০৫০ জন সদস্য ভর্তি করার নির্দেশনা থাকলেও এপ্রিল/২০১৫ খ্রিঃ মাসের মাসিক রিপোর্ট পর্যালোচনা করে দেখা যায় প্রকল্পভূক্ত কিছু উপজেলায় সমিতি গঠন, সদস্য ভর্তি, ঋণ বিতরণ-আদায় ও সঞ্চয় আদায়ের হার খুবই হতাশাজনক।

প্রকল্পের প্রয়োজনীয় জনবল ও সকল সুযোগ সুবিধা থাকার পরও সমিতি গঠন, সদস্য ভর্তি, ঋণ বিতরণ ও সঞ্চয় আদায় লক্ষ্যমাত্রা অনুযায়ী না হওয়ায় সংশ্লিষ্ট উপজেলায় কর্মরত প্রকল্পের কর্মকর্তা/কর্মচারীদের দায়িত্ব পালনে অনগ্রহ ও অবহেলার বিষয়টি সুস্পষ্টভাবে প্রতিয়মান হয়। তাই জুন/২০১৫ খ্রিঃ মাসের মধ্যে লক্ষ্যমাত্রা অনুযায়ী সমিতি গঠন, সদস্য ভর্তি, ঋণ বিতরণ-আদায় ও সঞ্চয় আদায়সহ প্রকল্পের সকল কার্যক্রমের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের জন্য উপজেলার সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো। লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব না হলে তার সুনির্দিষ্ট কারণ প্রকল্প সদর দপ্তরকে লিখিতভাবে অবহিত করতে হবে। অন্যথায় সমিতি গঠন, সদস্য ভর্তি, ঋণ কার্যক্রম এবং সঞ্চয় আদায়ের লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থতার দায়ে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বদলীসহ কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহন করা হবে।


(প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম)
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
-----উপজেলা
----- জেলা

সদয় অবগতি জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। উপপরিচালক, বিআরডিবি, -----জেলা।
- ২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৩। পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
- ৪। প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৫। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ -----, জেলাঃ -----।
- ৬। অফিস কপি।